



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ,
কাকরাইল, ঢাকা- ১০০০।
[Web:www.cevdsc.gov.bd]
[E-mail:cevdhksouth@gmail.com]

EFD তে VAT দিন
লটারীর কুপন বুঝে নিন
প্রতিমাসে রয়েছে ১ [এক] লক্ষ থেকে ১০
[দশ] হাজার টাকার ১০১টি পুরস্কার
বাহক মারফত/জিইপি/
ই-মেইল যোগে

নথি নং- ২(২৩)-জনপ্রশাঃ/সদর/বিবিধ ও দপ্তর আদেশ/০৩/২০১৯/

তারিখঃ ২৬ /০৮/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর অধিক্ষেত্রাধীন রাজস্ব এলাকায় পদায়ন নীতিমালা।

সাম্প্রতিক সময়ে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা, এর অধীনে সহকারী রাজস্ব কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে বিভিন্ন ধরনের আবেদন পাওয়া যাচ্ছে। যার ফলে একদিকে পদায়নের ক্ষেত্রে স্বাভাবিক এবং চলমান রীতিনীতি অনুসরণ করতে সমস্যা সৃষ্টি হচ্ছে এবং অন্যদিকে রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। বর্ণিতাবস্থায়, পরবর্তীতে অত্র দপ্তরে কর্মরত সকল সহকারী রাজস্ব কর্মকর্তাদের পদায়নের ক্ষেত্রে নিম্ন-বর্ণিত বিষয়াদি বিবেচনা করা হবে;

- (ক) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর সদর দপ্তরে ন্যূনতম এককালীন পদায়ন বিবেচনা করা হবে, এর ফলে সংশ্লিষ্ট কর্মকর্তা সদর দপ্তরের নথি কার্যক্রম এবং প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করবেন। সদর দপ্তরে সন্তোষজনক দায়িত্ব পালনের ক্ষেত্রে পরবর্তীতে পদায়নে রাজস্ব ক্ষেত্র বিবেচনায় অধিক গুরুত্বপূর্ণ কর্মস্থলে পদায়ন করা হবে;
- (খ) রাজস্ব ক্ষেত্র বিবেচনায় কম গুরুত্বপূর্ণ কর্মস্থলে পদস্থ থাকলে পরবর্তীতে অধিক গুরুত্বপূর্ণ কর্মস্থলে পদায়নের বিষয়ে বিবেচনা করা হবে;
- (গ) মুন্সিগঞ্জের রাজস্ব এলাকায় পদায়ন করা হলে, দায়িত্বশীলতার সাথে ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হলে তার বদলির বিষয়টি বিবেচনা করা হবে;
- (ঘ) একই কর্মস্থলে কেউ এককালীন কাজ করলে বিশেষ ক্ষেত্র ব্যতীত পরবর্তী পদায়নের সময় ঐ কর্মস্থলে পুনঃ পদায়ন করা হবে না এবং
- (ঙ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রশাসনিক কারণে যে কোন সময় কর্মকর্তাদের বদলী/পদায়নের ক্ষমতা সংরক্ষণ করবেন।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

স্বাক্ষরঃ -

[এস এম হুমায়ুন কবীর]
কমিশনার
ফোন: ০২-৫৮৩১৫৯৬৪

নথি নং- ২(২৩)-জনপ্রশাঃ/সদর/বিবিধ ও দপ্তর আদেশ/০৩/২০১৯/ ৪২৫(২-১৫)

তারিখঃ ২৬ /০৮/২০২১ খ্রিঃ

অনুলিপি; সদয় অবগতির জন্যঃ

- ০১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ০২। উপ/সহকারী কমিশনার, সদর দপ্তর (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
- ০৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট,.....।
- ০৪। ব্যক্তিগত সহকারী, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। গার্ড ফাইল।

[অথেলো চৌধুরী]
উপ কমিশনার (প্রশাসন)